

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০৩.১৭.৯০

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৫

২৭ জুন ২০১৮


বিষয়: **ঈশাখাঁ ইন্সট্যানশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ এর হিসাব নিরীক্ষণের জন্য অডিট ফর্ম নিয়োগ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫ ধারা অনুযায়ী ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থ বছরের হিসাব নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত কার্যপরিধি অনুযায়ী আতিক খালেদ এন্ড কোং-কে অডিটর নিয়োগে সরকার অনুমোদন প্রদান করেছেন।

২. বিশ্ববিদ্যালয়ের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুতকালে নিম্নলিখিত বিষয়াদি আবশ্যিকভাবে সম্পাদন করতঃ প্রচলিত অন্যান্য অডিট কার্যক্রম নিষ্পন্ন করে যথাসময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে অডিট রিপোর্ট প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

কার্যপরিধিঃ

- (১) বিশ্ববিদ্যালয়ের আয় ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা পরীক্ষা করা;(২) ব্যয়ের ভাউচারসমূহ যাচাই করে বর্ণিত ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা তা Investigate করা;
- (৩) সকল আয়-ব্যয় নির্দিষ্ট খাত হতে করা হয় কি-না, না হয়ে থাকলে কবে নাগাদ তা চালু করা হবে তা নির্ধারণ করা;
- (৪) বিবিধ ব্যয় দেখিয়ে ব্যয়ের খাত গোপন করা হয় কি-না তা পরীক্ষা করা;
- (৫) বিশ্ববিদ্যালয়ে আর্থিক লেনদেনের জন্য যথাযথভাবে লেজার সংরক্ষণ করা হয় কি-না, না হয়ে থাকলে কতদিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা নির্দিষ্ট করা;
- (৬) শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের মাধ্যমে অর্থ গ্রহণ না করে নগদে অর্থ গ্রহণ করা হলে গৃহীত অর্থ হিসাবের খাতায় লিপিবদ্ধকরে যথাসম্ভব দ্রুত ব্যাংকে জমা করা হয় কি-না, এবং ছাঁপানো রশিদ বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় কি-না তা নিশ্চিত করা;
- (৭) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত,মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয় কি-না, না হয়ে থাকলে কার নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয়েছে তা বর্ণনা করা;
- (৮) ব্যাংকের হিসাব /হিসাবসমূহ কে কে পরিচালনা করেন তা বর্ণনা করা;
- (৯) বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগকৃত তহবিল হতে উৎসারিত আয় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা হয় কি-না;
- (১০) হিসাব বিবরণীতে অন্যান্য আয়-ব্যয় দেখানো হলে তার বিস্তারিত বিবরণ দেয়া;
- (১১) বিশ্ববিদ্যালয়ের Performance সম্পর্কে মন্তব্য করা, পূর্বের কোন মন্তব্য থাকলে তার বাস্তবায়ন হয়েছে কি-না তা দেখা;
- (১২) VAT, IT আর্থিক বিধি মারফিক কর্তন করা হয়েছে কি-না তা নিশ্চিত করা;
- (১৩) স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না, হয়ে থাকলে বিশ্ববিদ্যালয়ের নামে না কোন ব্যক্তি বিশেষের নামে নেয়া হয়েছে তা বের করা। (১৪) এছাড়াও বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ৪৫(১) ধারা অনুযায়ী প্রত্যেক আর্থিক বৎসরের আয়-ব্যয়ের হিসাব বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে প্রস্তুত ও সংরক্ষণ করা হয় কি-না তা যাচাই করা।



২৭-৬-২০১৮

জিন্নাত রেহানা

উপ-সচিব

উপাচার্য


ঈশাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ নীলগঞ্জ
রোড, শোলাকিয়া, কিশোরগঞ্জ।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০৩.১৭.৯০/১(৩)

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৫
২৭ জুন ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ঢাকা
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ঢাকা
- ৩) সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শেরে বাংলানগর ঢাকা



২৭-৬-২০১৮

জিন্নাত রেহানা

উপ-সচিব